অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/2/2024 **গভর্নর ক্যাথি হোকল**

শ্রম দিবসে, গভর্নর হোকল নিউ ইয়র্কের কর্মীদের সমর্থন, সুরক্ষা, এবং প্রশিক্ষণের ক্ষেত্রে শ্রম ও কর্মশক্তির অর্জনসমূহের উপর আলোকপাত করলেন

দেশের প্রথম স্টেট হিসেবে সবেতন প্রাকপ্রসব ছুটি প্রদান

অন্যান্য মুখ্য অর্জনের মধ্যে রয়েছে ভবিষ্যতের কর্মসংস্থানের জন্য নিউ ইয়র্কবাসীদের প্রস্তুত করতে চারটি ON-RAMP অগ্রসর প্রস্তুতকরণ প্রশিক্ষণ কেন্দ্রের সমর্থনে 200 মিলিয়ন মার্কিন ডলারের বেশি বিনিয়োগ, কয়েক হাজার স্বাস্থ্যসেবা কর্মীদের নিয়োগ ও প্রশিক্ষণ প্রদানের জন্য 646 মিলিয়ন মার্কিন ডলারের বেশি বিনিয়োগ

গভর্নর ক্যাথি হোকল আজকে শ্রম দিবসের উদযাপনে নিউ ইয়র্কের শ্রম ও কর্মীবাহিনীর অর্জনের উপর আলোকপাত করলেন। একটি দেশসেরা কর্মী এজেন্ডা প্রণয়ন করতে গভর্নর হোকল অধ্যবসায়ের সাথে কাজ করে গেছেন, যার মধ্যে রয়েছে: নিউ ইয়র্কের সর্বনিম্ন বেতন বৃদ্ধি করা এবং এটিকে মুদ্রাস্ফীতির সাথে ইনডেক্স করার ঐতিহাসিক পরিকল্পনা, 150,000 এর বেশি স্টেট কর্মচারীর জন্য 12 সপ্তাহের সম্পূর্ণ সবেতন প্যারেন্টাল ছুটি প্রদান করা, এবং বেতন ও ভাতা বৃদ্ধির জন্য অন্যান্য উদ্যোগ, নিয়ন্ত্রিত বেতন সম্প্রসারিত করা, চাকরিসন্ধানীদের চাকরির সুযোগের সাথে সংযুক্ত করে দেওয়া, এবং বেসরকারি খাতের কর্মীদের জন্য অবসর নিরাপত্তা নিশ্চিত করতে সাহায্য করা। এছাড়াও গভর্নর বেতন চুরির বিরুদ্ধে এবং বৈষম্য, হয়রানি, শোষণ থেকে কর্মীদের রক্ষা করতে, নিউ ইয়র্কের রূপান্তরমূলক প্রকল্পসমূহে মুখ্য শ্রম ভাতা নিশ্চিত করতে নতুন উদ্যোগসমূহ অগ্রসর করার জন্য একটি আগ্রাসী অভিযান; নতুন কৌশলী কর্মশক্তি বিকাশ অফিসের (Office of Strategic Workforce Development) মাধ্যমে অনুদান বিতরণ অব্যাহত রেখেছেন।

"নিউ ইয়র্কবাসীরা শুধু আমাদের অর্থনীতির চালিকাশক্তি নয়, বরং এছাড়াও তারা আমাদের শিশুদের শিক্ষাদানকারী শিক্ষক, আমাদের সম্প্রদায়কে সুরক্ষাদানকারী আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী, আমাদের স্টেটকে নতুন উচ্চতায় নিয়ে যাওয়া নির্মাণকর্মী এবং আরো অনেক কিছু," **গভর্নর হোকল বলেন।** "শ্রম দিবসে, আমরা আমেরিকান সংঘবদ্ধ শ্রম আন্দোলনের অসাধারণ অর্জনকে এবং কর্মীদের অধিকার ও সুরক্ষার জন্য চলমান লড়াইকে সম্মান জানাচ্ছি এবং ন্যায্য বেতন, স্বাস্থ্যসেবা, এবং সকল কর্মীর জন্য মর্যাদা ও সম্মানের প্রতি আমাদের প্রতিশ্রুতি পুনরায় নিশ্চিত করছি। ইউনিয়ন কার্ড এখনো একটি শক্তিশালী প্রতীক হয়ে আছে যা আমার নিজের পরিবারসহ কয়েক মিলিয়ন নিউ ইয়র্ক পরিবারকে দারিদ্র্য কাটিয়ে উঠতে সাহায্য

করেছে, এবং সকল নিউ ইয়র্কবাসীর কাছে যাতে তাদের প্রয়োজনীয় এবং প্রাপ্য সুযোগ ও সুবিধা থাকে তা নিশ্চিত করা আমার প্রশাসন অব্যাহত রাখবে।"

গভর্নর হোকল দীর্ঘদিন ধরে নিউ ইয়র্কের শ্রম ইউনিয়নের সমর্থক এবং নিউ ইয়র্কের কর্মীদের সমর্থনে তিনি প্রতিশ্রুতিবদ্ধ আছেন। কর্মীদের সমর্থন, সুরক্ষা এবং প্রশিক্ষণ দিতে গভর্নর গত বছর নিম্নের পদক্ষেপগুলি গ্রহণ করেছেন, যা বিগত বছরের প্রধান প্রধান শ্রম ও কর্মশক্তি ক্ষেত্রের অর্জনের অনুবর্তী:

বেতন এবং ভাতা উন্নয়ন

PBA এর সাথে 3 বছরের শ্রম চুক্তি অনুমোদন: 2024 সালের জুন মাসে গভর্নর ঘোষণা করেন যে নিউ ইয়র্ক স্টেটের পুলিশ বেনেভোলেন্ট অ্যাসোসিয়েশনের (Police Benevolent Association, PBA) সাথে একটি তিন বছরের শ্রম চুক্তি অনুমোদিত হয়েছে, যেখানে 1,100 এর বেশি সদস্য রয়েছে।

SUNY নির্মাণ প্রকল্পসমূহে প্রকল্পের শ্রম চুক্তি: অর্থবছর 2025 এর বাজেটের অংশ হিসেবে, নিউ ইয়র্ক স্টেট ইউনিভার্সিটির (State University of New York, SUNY) ক্যাম্পাসে 10 মিলিয়ন মার্কিন ডলারের বেশি মূল্যমানের যেকোনো নির্মাণ প্রকল্পের জন্য একটি প্রকল্পের শ্রম চুক্তি স্বাক্ষর করার আবশ্যক হবে।

স্তর VI সংস্কারের মাধ্যমে নিয়োগ এবং ধরে রাখার প্রয়াসকে বলীয়ান করা: অর্থবছর 2025 এর বাজেটের অংশ হিসেবে, গভর্নর হোকল টিয়ার 6 সদস্যদের অবসর ভাতার জন্য দুইটি সংশোধন ঘোষণা করেছেন: একজন সরকারি কর্মচারীর অবসর ভাতা নির্ধারণের জন্য সর্বশেষ গড় বার্ষিক বেতন সর্বোচ্চ ধারাবাহিক পাঁচ বছর থেকে সর্বোচ্চ ধারাবাহিক তিন বছরে পরিবর্তন করা, এবং একজন টিয়ার 6 সদস্যের পেনশন ভাতায় তাদের অবদান নির্ধারণ করার সময় ওভারটাইম উপার্জন কর্তনকে দুই বছরে বৃদ্ধি করা।

মানসিক স্বাস্থ্য কর্মীদের জন্য ঋণ রিপেমেন্ট কর্মসূচি সম্প্রসারিত করতে 5 মিলিয়ন মার্কিন ডলার: 2023 সালের নভেম্বর মাসে গভর্নর হোকল লাইসেন্সধারী মানসিক স্বাস্থ্য পেশাদারদের যোগ্যতা সম্প্রসারিত করতে কমিউনিটি মানসিক স্বাস্থ্য ঋণ রিপেমেন্ট কর্মসূচিটির (Community Mental Health Loan Repayment Program) জন্য 5 মিলিয়ন মার্কিন ডলারের সম্প্রসারণ ঘোষণা করেন।

কর্মীদের ন্যূনতম সাপ্তাহিক ক্ষতিপূরণ ভাতা বৃদ্ধি: 2023 সালের সেপ্টেম্বর মাসে, গভর্নর হোকল বিধিমালায় স্বাক্ষর করেন যা 1 জানুয়ারি, 2024 তারিখ থেকে কর্মীদের ক্ষতিপূরণের ইনডেমনিটি ভাতার জন্য ন্যূনতম সাপ্তাহিক হার বৃদ্ধি করে। 2013 সাল থেকে ন্যূনতম সাপ্তাহিক ভাতা 150 মার্কিন ডলার ছিলো। 1 জানুয়ারি, 2024 তারিখে, ন্যূনতম সাপ্তাহিক ভাতা বৃদ্ধি পেয়ে সপ্তাহে 275 মার্কিন ডলার হয়, এবং 1 জানুয়ারি, 2025 তারিখে তা প্রতি সপ্তাহে 325 মার্কিন ডলারে বৃদ্ধি পাবে। 1 জানুয়ারি, 2026 থেকে প্রতি বছর ন্যূনতম সাপ্তাহিক ভাতাকে নিউ ইয়র্ক স্টেটের গড় সাপ্তাহিক বেতনের (New York State Average Weekly Wage, NYSAWW) সাথে ইনডেক্স করা হবে।

নিউ ইয়র্ক স্টেটের সবেতন পারিবারিক ছুটি বৃদ্ধি, ব্যয় হ্রাস: 2024 সালের জানুয়ারি মাসে, সবেতন পারিবারিক ছুটির জন্য সর্বোচ্চ সাপ্তাহিক ভাতার হার 2023 সাল থেকে 20 মার্কিন ডলারের বেশি বৃদ্ধি পেয়েছে। সবেতন পারিবারিক ছুটি নেওয়া কর্মচারীরা তাদের গড় সাপ্তাহিক বেতনের 67 শতাংশ পাবে, যার ঊর্ধ্বসীমা বর্তমান নিউ ইয়র্ক স্টেটের গড় সাপ্তাহিক বেতনের 67 শতাংশ পর্যন্ত। 2024 সালের জন্য NYSAWW হলো 1,718.15 মার্কিন ডলার, অর্থাৎ ন্যূনতম সাপ্তাহিক ভাতা 1,151.16 মার্কিন ডলার। সবেতন পারিবারিক ছুটি কর্মচারীর পেরোল কর্তন দ্বারা অর্থায়িত হয়। 2024 সালে, কর্মচারীদের অবদানের হার 2023 সালের থেকে কম ছিলো, যা বার্ষিক সর্বোচ্চ কর্মচারীর অবদানকে 66.18 মার্কিন ডলারে হ্রাস করে।

চাকরি ও প্রশিক্ষণের সুযোগ সম্প্রসারিত করা

বন্দুক সহিংসতা হ্রাস করতে তরুণ কর্মসংস্থান কর্মসূচির পরবর্তী পর্যায়ের জন্য প্রায় 40 মিলিয়ন মার্কিন ডলার: 2024 সালের আগস্ট মাসে, গভর্নর হোকল তরুণ কর্মসংস্থান কর্মসূচির (Youth Employment Program) পরবর্তী পর্যায়ের জন্য প্রায় 40 মিলিয়ন মার্কিন ডলার ঘোষণা করেছেন, যা পুরো স্টেটের সম্প্রদায়সমূহে ঝুঁকিতে থাকা তরুণদের চাকরির সুযোগ ও প্রশিক্ষণ প্রদান করার মাধ্যমে বন্দুক সহিংসতা হ্রাস করা অব্যাহত রাখতে নিউ ইয়র্ককে সাহায্য করবে।

আরো কয়েক হাজার স্বাস্থ্যসেবা কর্মীকে নিয়োগ ও প্রশিক্ষণ প্রদানের জন্য 646 মিলিয়ন মার্কিন ডলার: 2024 সালের আগস্ট মাসে, গভর্নর হোকল ঘোষণা করেন যে তিনটি কর্মীবাহিনী বিনিয়োগ সংগঠন (Workforce Investment Organizations, WIO) আগামী তিন বছরে ক্যারিয়ার পথ প্রশিক্ষণ (Career Pathways Training, CPT) কর্মসূচি বাস্তবায়ন করার জন্য মোট 646 মিলিয়ন মার্কিন ডলারের বেশি অর্থপ্রাপ্ত হবে, কর্মসূচিটি পুরো নিউ ইয়র্কে হাজার হাজার নতুন স্বাস্থ্য, মানসিক স্বাস্থ্য, এবং সামাজিক সেবা কর্মীকে নিয়োগ ও প্রশিক্ষণ প্রদান করবে।

গেটওয়ে টানেল প্রকল্পে বিনিয়োগ: 2024 সালের জুলাই মাসে, গভর্নর হোকল গেটওয়ে টানেল প্রকল্পের (Gateway Tunnel Project) উন্নতির জন্য 6.8 বিলিয়ন মার্কিন ডলার ঘোষণা করেন, যা 95,000 কর্মসংস্থান সৃষ্টি করবে এবং 19.6 বিলিয়ন মার্কিন ডলার অর্থনৈতিক কর্মকাণ্ড সৃষ্টি করবে বলে প্রত্যাশা করা হচ্ছে।

সেকেন্ড অ্যাভিনিউ সাবওয়ে প্রকল্পের সমর্থনে 54 মিলিয়ন মার্কিন ডলার স্টেট তহবিল: 2024 সালের জুলাই মাসে, গভর্নর হোকল ঘোষণা করেন যে সেকেন্ড অ্যাভিনিউ সাবওয়ে (Second Avenue Subway) সম্প্রসারণ প্রকল্পকে নিউ ইয়র্ক স্টেট 54 মিলিয়ন মার্কিন ডলার স্টেট সংস্থান প্রদান করবে যা ইস্ট হার্লেমে 125থ স্ট্রিট পর্যন্ত প্রকল্পটিকে সম্প্রসারণ করবে।

স্বাস্থ্যসেবায় কর্মীবাহিনীর প্রশিক্ষণ বৃদ্ধি করতে 22.5 মিলিয়ন মার্কিন ডলার: 2024 সালের জুলাই মাসে, গভর্নর হোকল ঘোষণা করেন যে স্টেটব্যাপী 28টি স্বাস্থ্যসেবা ফ্যাসিলিটি আগামী বছরে প্রশিক্ষণের জন্য 22.5 মিলিয়ন মার্কিন ডলার অর্থ লাভ করবে, এটি স্বাস্থ্যসেবায় গভর্নরের 10 বিলিয়ন মার্কিন ডলারের একাধিক বছরের বিনিয়োগের অংশ।

নিউ ইয়র্কের বৃহত্তম অফশোর বায়ু প্রকল্পের নির্মাণকাজ শুরু: 2024 সালের জুলাই মাসে, গভর্নর হোকল নিউ ইয়র্কের বৃহত্তম অফশোর বায়ু প্রকল্প, সানরাইজ উইন্ডের (Sunrise Wind) নির্মাণকাজ শুরুর ঘোষণা করেন, এটি ওরস্টেড (Ørsted) নির্মিত একটি 924 মেগাওয়াটের প্রকল্প। এটি 800 এর বেশি প্রত্যক্ষ চাকরিকে সমর্থন করবে এবং শিল্পখাতের সেরা প্রকল্পে শ্রম চুক্তির অধীনে নির্মিত হবে যা নির্মাণকাজের সকল পর্যায়ে স্থানীয় ইউনিয়ন শ্রমিকের অংশগ্রহণ নিশ্চিত করবে।

গভর্নর হোকল পুশ বাফেলোর প্রথম পরিবেশ বান্ধব চাকরির প্রশিক্ষণ কেন্দ্র খোলার কথা ঘোষণা করেছেন। 2024 সালের জুলাই মাসে গভর্নর হোকল বাফেলোর ওয়েস্ট সাইডে সাসটেইনেবিলিটি ওয়ার্কফোর্স ট্রেনিং সেন্টারের (Sustainability Workforce Training Center) আনুষ্ঠানিক উদ্বোধনকে চিহ্নিত করে জন্য একটি ফিতা কাটার অনুষ্ঠানের কথা ঘোষণা করেন, যা এই অঞ্চলের প্রথম পরিবেশ বান্ধব চাকরির প্রশিক্ষণ কেন্দ্র।

ব্রঙ্কস এবং কুইন্সে নতুন 3 মিলিয়ন মার্কিন ডলারের জলবায়ু ন্যায়বিচার ফেলোশিপ প্লাস পাইলট কর্মসূচি: 2024 সালের জুলাই মাসে গভর্নর হোকল এবং প্রতিনিধি আলেক্সান্ড্রিয়া ওকাশিও-কর্টেজ 3 মিলিয়ন মার্কিন ডলারের মার্কিন যুক্তরাষ্ট্রের শ্রম বিভাগের (U.S. Department of Labor) তহবিল ঘোষণা করেন, যা বর্তমানে ব্রঙ্কস এবং কুইন্সে একটি নতুন পাইলট কর্মসূচি, জলবায়ু ন্যায়বিচার ফেলোশিপ প্লাস (Climate Justice Fellowship Plus, CJF প্লাস) কর্মসূচির মাধ্যমে উপলভ্য আছে।

স্বাস্থ্যসেবা খাতের কর্মীদের প্রস্তুত করতে, শিক্ষার্থীদের মানসিক স্বাস্থ্যগত চাহিদা পূরণ করতে SUNY কমিউনিটি কলেজের জন্য তহবিল: 2024 সালের জুন মাসে, গভর্নর হোকল নিউ ইয়র্ক স্টেট ইউনিভার্সিটির 30টি কমিউনিটি কলেজের জন্য 8 মিলিয়ন মার্কিন ডলারের পুনরাবৃত্তমূলক বার্ষিক তহবিল ঘোষণা করেন, এটি প্রায় এক দশকের মধ্যে প্রথম বৃদ্ধি যা উ ইয়র্ক স্টেট এবং SUNY সিস্টেমের স্বাস্থ্যসেবা এবং মানসিক স্বাস্থ্য খাতের লক্ষ্য অর্জনকে অগ্রসর করবে।

ঝুঁকিতে থাকা যুবকদের এই গ্রীষ্মকালে কর্মক্ষেত্রে প্রবেশে সাহায্য করতে 55 মিলিয়ন মার্কিন ডলার: 2024 সালের মে মাসে গভর্নর হোকল ঘোষণা করেন যে নিউ ইয়র্ক স্টেটের গ্রীষ্মকালীন যুব কর্মসংস্থান কর্মসূচির (Summer Youth Employment Program) মাধ্যমে এই গ্রীষ্মকালে পুরো স্টেটের নিম্ন আয়ের পরিবারের 20,000 এরও বেশি যুবককে চাকরি করা হবে বলে আশা করা হচ্ছে। অস্থায়ী ও অক্ষমতা সহায়তা অফিস (Office of Temporary and Disability Assistance, OTDA) 57টি কাউন্টির প্রতিটিতে এবং নিউ ইয়র্ক সিটিতে 55 মিলিয়ন মার্কিন ডলার বিতরণ করছে যা এমন যুবকদের শ্রমবাজারে প্রবেশ করতে, পেশাদার দক্ষতা অর্জন করতে এবং সম্ভাব্য ক্যারিয়ারের পথ অন্বেষণ করতে সহায়তা করবে যারা অন্যথায় গ্রীষ্মকালীন চাকরির সুযোগ নাও পেতে পারে।

পরিচ্ছন্ন শক্তি শিল্পখাতের কর্মশক্তি বিকাশের জন্য 11.6 মিলিয়ন মার্কিন ডলার: 2024 সালের মে মাসে গভর্নর হোকল নিউ ইয়র্ক স্টেটে পরিচ্ছন্ন শক্তি শিল্পখাতের কর্মশক্তি বিকাশ উদ্যোগসমূহ সমর্থন করার জন্য 11.6 মিলিয়ন মার্কিন ডলার তহবিল ঘোষণা করেন।

কৌশলগত কর্মশক্তি বিকাশ অফিসের মাধ্যমে 8.7 মিলিয়ন ডলার প্রদান: 2024 সালের মে মাসে গভর্নর হোকল ঘোষণা করেন যে নিউ ইয়র্ক স্টেটের কৌশলগত কর্মশক্তি বিকাশ অফিস (Office of Strategic Workforce Development) কর্মশক্তি বিকাশ মূলধন (Workforce Development Capital) এবং পারফর্ম্যান্সের জন্য পে (Pay for Performance, P4P) পরিচালনা অনুদান কর্মসূচির মাধ্যমে পুরো স্টেটের 11টি প্রকল্পকে অতিরিক্ত 8.7 মিলিয়ন ডলারের অনুদান প্রদান করেছে।

গভর্নর হোকল সরকারি কর্মীবাহিনীকে সমর্থনের প্রতিশ্রুতির উপর আলোকপাত করলেন: 2024 সালের মে মাসে গভর্নর হোকল সরকারি চাকরির স্বীকৃতির সপ্তাহের (Public Service Recognition Week) সম্মানে নিউ ইয়র্কের সরকারি কর্মীবাহিনীর সমর্থনে তার প্রশাসনের প্রতিশ্রুতিসমূহের উপর আলোকপাত করেন। গভর্নর হোকল একটি সংশোধিত স্টেটজবসনিউইয়র্ক (StateJobsNY) ওয়েবসাইট উন্মোচন যেখানে স্টেট সরকারের কয়েক হাজার চাকরির বিজ্ঞপ্তি রয়েছে এবং স্টেটের নিয়োগের প্রচার এবং নিয়োগ সংক্রান্ত কর্মকাণ্ড বলীয়ান করতে স্টেটব্যাপী জনসচেতনতা প্রয়াস শুরু করলেন।

10 মিলিয়ন মার্কিন ডলারের মোহক ভ্যালি এম্পাওয়ার্স অনুদান কর্মসূচির সূচনা: 2024 সালের এপ্রিল মাসে গভর্নর হোকল আজকে মোহক ভ্যালি এম্পাওয়ার্সের (Mohawk Valley Empowers) সূচনা ঘোষণা করেন, এটি মোহক ভ্যালির আঞ্চলিক কর্মশক্তির ইকোসিস্টেম বলীয়ান করার জন্য তৈরি একটি তিন বছর মেয়াদি, 10 মিলিয়ন মার্কিন ডলারের উদ্যোগ।

NYSDOL ক্যারিয়ার কেন্দ্রে CDL সিমুলেটর: আরো দক্ষ পরিচালকদের চালকের আসনে বসাতে DOL একটি উদ্ভাবনী পন্থা অবলম্বন করেছে। ক্যারিয়ার প্রশিক্ষণ ত্বরান্বিত করার জন্য নিউ ইয়র্ক ট্রাকিং অ্যাসোসিয়েশনের সাথে একটি আকর্ষণীয় অংশীদারিত্বের মাধ্যমে এজেন্সিটি অ্যালবানি এবং ইউটিকার ক্যারিয়ার কেন্দ্রসমূহে অত্যাধুনিক CDL সিমুলেটর কর্মসূচির সূচনা করা হয়েছে।

ন্যায্য স্থানান্তর অফিসের সম্প্রসারণ: নবায়নযোগ্য শক্তি কষ্টে চাকরির জন্য কর্মীদের প্রস্তুত করতে কর্মশক্তির প্রশিক্ষণ ও তাদের ধরে রাখার উদ্দেশ্যে অর্থবছর 2024 এর বাজেটে প্রণীত বিধিমালাকে সমর্থন করার জন্য 25 মিলিয়ন মার্কিন ডলার দ্বারা অর্থবছর 2025 এর বাজেট ন্যায্য স্থানান্তর অফিসকে বলীয়ান করেছে।

অর্থবছর 2025 এর বাজেটের অংশ হিসেবে নিউ ইয়র্কের অর্থনীতি এবং কর্মশক্তিকে রূপান্তরের পরিকল্পনা: অর্থবছর 2025 এর বাজেটে রয়েছে পরবর্তী প্রজন্মের চিপস সংশ্লিষ্ট গবেষণার জন্য 10 বিলিয়ন মার্কিন ডলারের অংশীদারিত্ব শুরু করতে করতে 500 মিলিয়ন মার্কিন ডলারের ক্যাপিটাল বিনিয়োগ; ON-RAMP অগ্রসর প্রস্তুতকরণ প্রশিক্ষণ কেন্দ্রের সমর্থনে এবং ভবিষ্যতের কর্মসংস্থানের জন্য নিউ ইয়র্কবাসীদের প্রস্তুত করতে 200 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগ; এবং পুরো নিউ ইয়র্ক স্টেটে অর্থনৈতিক বিকাশের অনুঘটক হিসেবে কাজ করতে বাজেট ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগ, NY ফরোয়ার্ড, FAST NY এবং রিস্টোর NY এ সম্প্রসারিত করে। এছাড়াও শিল্প ও সাংস্কৃতিক খাতকে শক্তিশালী করতে এবং নতুন পাবলিক আর্ট উদ্যোগসমূহকে সমর্থন করতে বাজেট মূলধন তহবিলে 80 মিলিয়ন মার্কিন ডলার

যোগ করে; অভিবাসী উদ্যোক্তাদের জন্য নতুন সমর্থ প্রদান করে; এবং সেকেলে মহামারী সম্পর্কিত অসুস্থতাজনিত ছুটির আবশ্যিকতা নির্মূল করে।

AIM তহবিল বৃদ্ধি করা: মিউনিসিপ্যালিটিগুলির জন্য AIM তহবিল বৃদ্ধি করতে অর্থবছর 2025 এর বাজেটে 50 মিলিয়ন মার্কিন ডলার রয়েছে।

শিক্ষাখাতের কর্মীবাহিনী প্রশিক্ষণ কর্মসূচির জন্য 13.7 মিলিয়ন মার্কিন ডলার সমর্থন: 2024 সালের এপ্রিল মাসে, গভর্নর হোকল ঘোষণা করেন যে শিক্ষা কর্মীবাহিনী বিনিয়োগের অংশ হিসেবে নিউ ইয়র্ক স্টেট ইউনিভার্সিটি (State University of New York, SUNY), নিউ ইয়র্ক সিটি ইউনিভার্সিটি (City University of New York, CUNY), এবং বেসরকারি কলেজ ও ইউনিভার্সিটির জন্য 13.7 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করলেন কর্মীবাহিনী বিকাশ অ্যাওয়ার্ড (Workforce Development Awards) বরাদ্দ করা হয়েছে।

বিকাশগত অক্ষমতাসহ নিউ ইয়র্কবাসীকে সমর্থন করার জন্য কর্মীবাহিনী বৃদ্ধি করতে 32 মিলিয়ন মার্কিন ডলার: 2024 সালের মার্চ মাসে গভর্নর হোকল ঘোষণা করেন যে বিকাশগত অক্ষমতাসহ ব্যক্তির অফিসের (Office for People With Developmental Disabilities, OPWDD) সাথে অংশীদারিত্বে নিউ ইয়র্ক স্টেট ইউনিভার্সিটি প্রদত্ত প্রত্যক্ষ সমর্থন পেশাদার (Direct Support Professional, DSP) মাইক্রোক্রেডেনশিয়াল কর্মসূচিটি সম্প্রসারণ করার জন্য 32 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করা হবে।

গভর্নর হোকল মহামারীর পর নিউ ইয়র্কের সম্পূর্ণ অর্থনৈতিক পুনরুদ্ধার উদযাপন করেন: নিউ ইয়র্ক স্টেট শ্রম বিভাগের (New York State Department of Labor, NYSDOL) তথ্য প্রকাশের পর 2024 সালের মার্চ মাসে গভর্নর হোকল মহামারীর পর নিউ ইয়র্কের সম্পূর্ণ অর্থনৈতিক পুনরুদ্ধার উদযাপন করেন, যেখানে দেহকে যায় স্টেটব্যাপী বেসরকারি খাতের মোট কর্মসংস্থানের সংখ্যা 8,346,200টি - যা এর জন্য জ্ঞাত সর্বোচ্চ পর্যায়।

মূলধন বিনিয়োগে 5.2 বিলিয়ন মার্কিন ডলারের বেশি সম্ভব করা অর্থনৈতিক বিকাশ: 2024 সালের মার্চ মাসে গভর্নর হোকল 11টি সংস্থাকে কম খরচে বিদ্যুৎ অনুদান দেওয়ার ঘোষণা দিয়েছেন যা মূলধন বিনিয়োগে 5.2 বিলিয়ন মার্কিন ডলারেরও বেশি সম্ভব করবে। নিউ ইয়র্ক বিদ্যুৎ কর্তৃপক্ষের ট্রাস্টি বোর্ড দ্বারা অনুমোদিত এই অর্থ স্টেটজুড়ে 5,781টি কর্মসংস্থানকে সমর্থন করে।

SUNY এবং CUNY কর্মশক্তি বিকাশ কর্মসূচিসমূহের জন্য টিউশন সহায়তা কর্মসূচির যোগ্যতার সূচনা: 2024 সালের মার্চ মাসে, গভর্নর হোকল ঘোষণা করেন যে SUNY এবং CUNY এর কয়েকশত ননডিগ্রি কর্মসূচিকে আওতাধীন করার জন্য সর্বপ্রথম টিউশন সহায়তা কর্মসূচির (Tuition Assistance Program, TAP) যোগ্যতা শুরু হতে যাচ্ছে, যা উচ্চ চাহিদাসম্পন্ন, বিকাশমান ক্ষেত্রে চাকরি পাওয়ার সুযোগ তৈরি করবে।

স্টেটের ক্ষুদ্র ব্যবসা ক্রেডিট উদ্যোগের মাধ্যমে 500 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ: 2024 সালের ফেব্রুয়ারি মাসে গভর্নর হোকল ঘোষণা করেন যে ফেডারেল অন্তর্ভুক্তিকর শিল্পোদ্যোগের উদ্যোগে (Initiative for Inclusive Entrepreneurship) নিউ ইয়র্ক অংশগ্রহণ

করবে, এটি মার্কিন যুক্তরাষ্ট্রের ট্রেজারি বিভাগের (U.S. Department of the Treasury) নেতৃত্বে একটি জাতীয় প্রয়াস যা সামাজিক এবং অর্থনৈতিকভাবে সুবিধাবঞ্চিত ব্যক্তি (Socially and Economically Disadvantaged Individuals, SEDI) মালিকানাধীন ক্ষুদ্র ব্যবসার জন্য মূলধন পাওয়ার সুযোগ সম্প্রসারিত করে। অন্তর্ভুক্তিকর শিল্পোদ্যোগের উদ্যোগের উদ্দেশ্য হলো ঐতিহাসিকভাবে সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীর মানুষের মালিকানাধীন ক্ষুদ্র ব্যবসাকে সাহায্য করা এবং মার্কিন যুক্তরাষ্ট্রের ট্রেজারির 10 বিলিয়ন মার্কিন ডলারের স্টেটের ক্ষুদ্র ব্যবসা ক্রেডিট উদ্যোগের (State Small Business Credit Initiative, SSBCI) সমতার বাস্তবায়ন নিশ্চিত করা - যার মধ্যে নিউ ইয়র্ক 500 মিলিয়ন মার্কিন ডলারের বেশি পেয়েছে।

অফশোর বায়ু প্রশিক্ষণ ও কর্মীবাহিনী বিকাশের জন্য 4 মিলিয়ন মার্কিন ডলার অনুদান ঘোষণা করলেন 2024 সালের ফেব্রুয়ারি মাসে, গভর্নর হোকল ঘোষণা করেন যে কর্মীবাহিনী বিকাশের জন্য অফশোর বায়ু প্রশিক্ষণ ইনস্টিটিউটসমূহকে (Offshore Wind Training Institute, OWTI) প্রায় 4 মিলিয়ন মার্কিন ডলারের দ্বিতীয় রাউন্ড প্রদান করা হয়েছে। এই তহবিল আটটি নিউ ইয়র্ক স্টেট ইউনিভার্সিটি ক্যাম্পাস পরিচালিত কর্মসূচিকে সমর্থন করবে যা শিক্ষার্থীদেরকে উদীয়মান অফশোর বায়ু শিল্পখাতের ক্যারিয়ারের জন্য প্রস্তুত করতে তৈরি করা হয়েছে।

শিক্ষক সহায়তা ও শিক্ষা কর্মশক্তি কর্মসূচিতে মুখ্য উন্নয়ন: 2024 সালের ফেব্রুয়ারি মাসে গভর্নর হোকল স্টেটের শিক্ষাদান কর্মীদের শক্তিশালী করার জন্য তৈরি করা দুইটি নিউ ইয়র্ক স্টেট শিক্ষামূলক উদ্যোগে ব্যাপক অগ্রগতি ঘোষণা করেছেন। প্রথম উদ্যোগটি হলো এডুকেটর ক্যারিয়ার বিকাশ অ্যাম্বাসেডর কর্মসূচির (Educator Career Development Ambassador Program) সম্প্রসারণ , যা সেকেন্ড কোহর্টে দ্বিগুণ হয়ে 60 জন অংশগ্রহণকারী পেয়েছে। দ্বিতীয়টি হলো স্নাতকোত্তর ডিগ্রি বা শংসাপত্র অর্জনে কাজ করা 400 শিক্ষক রেসিডেন্টদের সমর্থন করার জন্য নিউ ইয়র্ক সিটির শিক্ষা বিভাগকে 12 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করা, এবং এম্পায়ার স্টেট শিক্ষক রেসিডেন্সি কর্মসূচির অংশ হিসেবে পনেরজন রেসিডেন্টকে সমর্থন করার জন্য ক্যাইয়ুগা-ওনোন্ডাগা BOCES কে 442,930 মার্কিন ডলার প্রদান করা।

মুক্তির আগে কারাবন্দী ব্যক্তিদের স্টেট প্রদত্ত আইডি প্রদানের জন্য কর্মসূচি সম্প্রসারণ: 2024 সালের জানুয়ারি মাসে গভর্নর হোকল তার ঐতিহাসিক 'কারাগার থেকে চাকরি' উদ্যোগের অধীনে একটি প্রকল্প সম্প্রসারণের ঘোষণা দেন যা সংশোধন ও কমিউনিটি তত্ত্বাবধান কাস্টাডি থেকে মুক্তিপ্রাপ্ত ব্যক্তিদের নন ড্রাইভার আইডি কার্ড প্রদান করে, যা তাদের জন্য কর্মক্ষেত্রে পুনরায় প্রবেশ করা সহজতর করে।

45 মিলিয়ন মার্কিন ডলারের পরিচ্ছন্ন শক্তি প্রশিক্ষণ উদ্যোগের শিক্ষানবিশি এবং প্রাক শিক্ষানবিশি: 2023 সালের ডিসেম্বর মাসে, গভর্নর হোকল একটি নতুন 45 মিলিয়ন মার্কিন ডলারের পরিচ্ছন্ন শক্তি প্রশিক্ষণ উদ্যোগের শিক্ষানবিশি এবং প্রাক শিক্ষানবিশি ঘোষণা করেন যা পরিচ্ছন্ন শক্তি ক্যারিয়ারের একটি পথ প্রদান করার জন্য শ্রম সংগঠনের ধারণক্ষমতা সম্প্রসারিত করবে।

নিউ ইয়র্কের শিক্ষক কর্মীবাহিনীর বিকাশে সাহায্য করার জন্য 4.8 মিলিয়ন মার্কিন ডলার: 2023 সালের ডিসেম্বর মাসে গভর্নর হোকল শিক্ষক রেসিডেন্টদের স্নাতকোত্তর ডিগ্রির

জন্য সম্পূর্ণ বা আংশিকভাবে অর্থায়ন করার মাধ্যমে শিক্ষা সংক্রান্ত কর্মীবাহিনীকে বিকশিত ও বৈচিত্র্যময় করার জন্য নিউ ইয়র্কের 30 মিলিয়ন মার্কিন ডলারের এম্পায়ার স্টেট শিক্ষক রেসিডেন্সি কর্মসূচির (Empire State Teacher Residency Program) মাধ্যমে তহবিলের দ্বিতীয় রাউন্ড ঘোষণা করেন।

প্রযুক্তি প্রস্তুতকরণ শিল্পখাতের চাকরির জন্য শিক্ষার্থীদের প্রস্তুত করতে সেন্ট্রাল নিউ ইয়র্কে রূপান্তরকারী বিনিয়োগ: 2023 সালের ডিসেম্বর মাসে গভর্নর হোকল সিরাকিউজ বিজ্ঞান, প্রযুক্তি, শিল্প এবং গণিত হাই স্কুলের (Syracuse Science, Technology, Arts and Math High School) কাজ শুরু করলেন, এটি সেন্ট্রাল নিউ ইয়র্কের প্রথম আঞ্চলিক টেকনিক্যাল হাই স্কুল, যা 71 মিলিয়ন মার্কিন ডলার স্টেট প্রতিশ্রুতির ফলে 2025 সালে খুলে দেওয়া হবে।

সংখ্যালঘু এবং নারী মালিকানাধীন ব্যবসার জন্য প্রত্যয়নের ব্যাকলগ নির্মূল: 2023 সালের নভেম্বর মাসে, গভর্নর হোকল সংখ্যালঘু এবং নারী মালিকানাধীন ব্যবসায়িক উদ্যোগের জন্য নিউ ইয়র্কের বছরব্যাপী প্রত্যয়নের ব্যাকলগের নির্মূলকরণ উদযাপন করেছেন যা প্রত্যয়ন প্রদানের দক্ষতাকে উন্নত করার জন্য অর্থবছর 2023 এর বাজেটে গভর্নরের দ্বারা নিশ্চিত 11 মিলিয়ন ডলারের বিনিয়োগের অনুবর্তী।

NYS শিক্ষানবিশি মাস চলাকালে প্রাক শিক্ষানবিশি কর্মসূচির জন্য নতুন তহবিল: 2023 সালের নভেম্বর মাসে গভর্নর হোকল ঘোষণা করেন যে নিউ ইয়র্ক স্টেটজুড়ে প্রত্যক্ষ প্রবেশের প্রাক শিক্ষানবিশি (Direct Entry pre-apprenticeship) কর্মসূচিকে বৃদ্ধি করতে 2 মিলিয়ন মার্কিন ডলারের উল্লেখজনক বিনিয়োগ করা হবে। পাশাপাশি, গভর্নর এছাড়াও গর্বসহকারে নভেম্বরকে নিউ ইয়র্ক স্টেট শিক্ষানবিশি মাস (New York State Apprenticeship Month) হিসেবে ঘোষণা করেন

REDC এর মাধ্যমে 57 মিলিয়ন মার্কিন ডলারের বেশি অর্থ প্রদান: 2023 সালের নভেম্বর মাসে গভর্নর হোকল ঘোষণা করেন যে নিউ ইয়র্ক স্টেটব্যাপী 238টি প্রকল্পে সহায়তার জন্য আঞ্চলিক অর্থনৈতিক বিকাশ পরিষদের (Regional Economic Development Councils, REDC) উদ্যোগের মাধ্যমে 57 মিলিয়ন মার্কিন ডলারের বেশি বরাদ্দ প্রদান করা হয়েছে।

FAST NY কর্মসূচির মাধ্যমে 90 মিলিয়ন মার্কিন ডলার প্রদান: 2023 সালের নভেম্বর মাসে গভর্নর হোকল ঘোষণা করেন যে নির্মাণকাজের জন্য প্রস্তুত ট্র্যাক্টের কেন্দ্রীভূত আকর্ষণ নিউ ইয়র্ক (Focused Attraction of Shovel-Ready Tracts New York, FAST NY) অনুদান কর্মসূচির অধীনে ছয়টি স্থানকে প্রায় 90 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করা হয়েছে। 2022 সালের ফেব্রুয়ারি মাসে প্রথম ঘোষিত কর্মসূচিটি পুরো স্টেটে এমন সাইট প্রস্তুত ও বিকাশ করার জন্য নকশা করা হয়েছে যা নিউ ইয়র্কের নির্মাণকাজের জন্য প্রস্তুতি শুরু করে দিবে এবং বড় চাকরিদাতা এবং উচ্চ প্রযুক্তির প্রস্তুতকারক কোম্পানিগুলির জন্য আকর্ষণীয়তা বৃদ্ধি করবে।

12 মিলিয়ন মার্কিন ডলারের বেশি কৌশলগত কর্মীবাহিনী বিকাশ অফিসের অনুদান প্রদান: 2023 সালের নভেম্বর মাসে গভর্নর হোকল ঘোষণা করেন যে নিউ ইয়র্ক স্টেটের কৌশলগত কর্মীবাহিনী বিকাশ অফিস তাদের কর্মশক্তি বিকাশ মূলধন (Workforce Development

Capital) এবং পারফর্ম্যান্সের জন্য পে (Pay for Performance, P4P) অনুদান কর্মসূচিসমূহের মাধ্যমে স্টেটজুড়ে পনেরটি প্রকল্পকে 12 মিলিয়ন মার্কিন ডলারের বেশি অনুদান প্রদান করেছে।

2021 সাল থেকে 13,300টির বেশি নতুন চাকরির মাধ্যমে দেশের শীর্ষস্থানীয় প্রস্তুতকরণ চাকরির বিকাশ: 2023 সালের অক্টোবর মাসে গভর্নর হোকল নিউ ইয়র্কের দেশসেরা প্রস্তুতকরণ চাকরি বৃদ্ধির সংখ্যা উন্মোচনের মাধ্যমে জাতীয় প্রস্তুতকরণ মাস উদযাপন করেন, যেখানে দেখা গেছে যে নিউ ইয়র্ক স্টেট 2021 সাল থেকে 13,300টির বেশি নতুন প্রস্তুতকরণ চাকরি যোগ করেছে, যা বিদেশ থেকে প্রস্তুতকরণ চাকরি ফেরত আনার ক্ষেত্রে দেশের সর্বোচ্চ।

আশ্রয়সন্ধানী এবং অভিবাসীদের জন্য 18,000 চাকরি উপলভ্য আছে। 2023 সালের অক্টোবর মাসে গভর্নর ঘোষণা করেন যে মার্কিন যুক্তরাষ্ট্রে বৈধ কাজ করার অনুমোদন অর্জন করা অভিবাসী ও আশ্রয়সন্ধানীদের নিয়োগ দিতে ইচ্ছুক প্রায় 400 চাকরিদাতার থেকে 18,000 এর বেশি চাকরির সুযোগ স্টেট সনাক্ত করেছে। বৈধ কাজের অনুমোদন পাওয়া অভিবাসী ও আশ্রয়সন্ধানীদের সাথে চাকরির সুযোগ থাকা ব্যবসা প্রতিষ্ঠানের সংযোগ শুরু করতে নিউ ইয়র্ক শ্রম বিভাগকে গভর্নর হোকলের নির্দেশ প্রদানের মাত্র এক মাস পর এই ঘোষণাটি এসেছে।

নতুন ফেলোশিপ কর্মসূচির সমর্থনে 7.7 মিলিয়ন মার্কিন ডলার: 2023 সালের সেপ্টেম্বর মাসে গভর্নর হোকল ঘোষণা করেন যে একটি নতুন কর্মীবাহিনী গঠন এবং নিউ ইয়র্ক স্টেটের চারটি মেডিকেল স্কুলে ফেলোশিপ কর্মসূচির সমর্থন করার জন্য নিউ ইয়র্ক স্টেট আসক্তি সেবা ও সমর্থন অফিসের (New York State Office of Addiction Services and Supports, OASAS) মাধ্যমে 7.7 মিলিয়ন মার্কিন ডলারের বেশি বিতরণ করা হবে।

কর্মীদের সুরক্ষা বলীয়ান করা

বুকের দুধ বের করার জন্য সবেতন ব্রেক টাইম প্রদান করা আবশ্যক করতে নতুন আইন: 2024 সালের জুন মাসে গভর্নর একটি নতুন আইন উদযাপন করেন যা বুকের দুধ বের করার জন্য কর্মচারীদেরকে 30 মিনিট সবেতন ব্রেক টাইম প্রদান করা চাকরিদাতাদের জন্য বাধ্যতামূলক করে। কর্মচারীদের যখনই বুকের দুধ বের করার একটি যুক্তিসঙ্গত প্রয়োজন থাকবে তখন এই বাধ্যবাধকতা প্রয়োগ করা হবে এবং এটি সন্তান প্রসবের তিন বছর পর্যন্ত বিস্তৃত হবে।

পুরো নিউ ইয়র্ক স্টেটের প্রায় 65,000 শ্রমিকের জন্য 63 মিলিয়ন মার্কিন ডলারেরও বেশি পুনরুদ্ধার: 2024 সালের জুলাই মাসে গভর্নর হোকল ঘোষণা করেন যে মজুরি চুরির বিরুদ্ধে ব্যাপক অভিযান সম্পর্কে তার ঘোষণার পর থেকে দুই বছরে নিউ ইয়র্ক স্টেটের শ্রম বিভাগ তদন্ত করে পুরো নিউ ইয়র্ক স্টেটের প্রায় 65,000 শ্রমিকের জন্য চুরি হওয়া 63 মিলিয়ন মার্কিন ডলারের বেশি মজুরির অর্থ উদ্ধার করেছে।

সংঘবদ্ধ খুচরা চুরির মোকাবেলা করতে পাঁচ দফা পরিকল্পনা: অর্থবছর 2025 বাজেটের অংশ হিসেবে গভর্নর হোকল সংঘবদ্ধ খুচরা চুরির মোকাবেলা করতে একটি পাঁচ দফা পরিকল্পনা প্রতিষ্ঠা করেন।

- কোনো খুচরা বিক্রয়কর্মীকে আক্রমণ করা ব্যক্তির জন্য এটিকে অসংযত আচরণ থেকে ফৌজদারি অপরাধে পরিবর্তন করার মাধ্যমে অপরাধের শাস্তি বৃদ্ধি করে।
- লার্সেনি চার্জ করার সময় প্রসিকিউটরদের চোরাই পণ্যসমূহের মূল্য একত্রিত করার অনুমোদন দেওয়া।
- তৃতীয় পক্ষের বিক্রেতাদের ধরার জন্য চোরাই পণ্যের বিক্রির ব্যবস্থা করাকে অবৈধ করা।
- কোনো ব্যক্তি যদি চোরাই পণ্য বিক্রি করতে কোনো ওয়েবসাইট বা ভৌত অবস্থান ব্যবহার করে তাহলে তাকে দোষী সাব্যস্ত করা হবে।
- খুচরা চুরি দলের জন্য 40.2 মিলিয়ন মার্কিন ডলার প্রদান
- বাড়তি নিরাপত্তা ব্যবস্থায় বিনিয়োগ করতে খুচরা ব্যবসাসমূহকে সাহায্য করার জন্য 5 মিলিয়ন মার্কিন ডলার কর ক্রেডিট।

প্রাকপ্রসব সেবার জন্য সবেতন অসুস্থতার ছুটি: অর্থবছর 2025 এর বাজেটের অংশ হিসেবে কর্মচারীরা এখন বিদ্যমান অসুস্থতার ছুটি ছাড়াও প্রাকপ্রসব সেবার জন্য অতিরিক্ত 20 ঘণ্টা সবেতন অসুস্থতার ছুটি পাবে।

NYSDOL এবং উবারের মধ্যে সমঝোতা চুক্তি: 2023 সালের নভেম্বর মাসে গভর্নর হোকল ঘোষণা করেন যে নিউ ইয়র্ক স্টেটের শ্রম বিভাগ এবং উবার টেকনোলজিস, ইনকর্পোরেটেডের (Uber Technologies Inc.) মধ্যে একটি নজিরবিহীন সেটেলমেন্ট চুক্তি হয়েছে, যা উবার (Uber) এবং উবার ইটস (Uber Eats) চালক ও কুরিয়ারদের পক্ষে অতীত ও ভবিষ্যতের বেকার বীমাতে অবদান সংক্রান্ত সুরাহা করে।

সরকারি স্কুলে কর্মক্ষেত্রের সহিংসতা প্রতিরোধ: 2023 সালের সেপ্টেম্বর মাসে গভর্নর হোকল কর্মক্ষেত্রে সহিংসতা প্রতিরোধ আইন সংশোধন করে বিধিমালায় স্বাক্ষর করেন, যা পূর্বে বাদ পড়া প্রাথমিক ও মাধ্যমিক সরকারি শিক্ষাকে এর আওতাভুক্ত করতে এর সম্প্রসারণ করে। 4 জানুয়ারি, 2024 থেকে এই বাধ্যবাধকতা কার্যকর হয়, যা স্কুল জেলাসমূহের জন্য একটি লিখিত কর্মক্ষেত্রে সহিংসতা নীতিমালা বিবৃতি তৈরি করা আবশ্যক করে যেখানে কর্মক্ষেত্রে সহিংসতা প্রতিরোধ করার ক্ষেত্রে জেলার লক্ষ্য ও উদ্দেশ্য বর্ণনা করা থাকবে।

অন্যান্য মুখ্য অর্জন

স্টেটব্যাপী আরো বেশি পরিবারকে বিনামূল্যে বা কম খরচে চাইল্ড কেয়ার প্রদান করতে সহায়তা করার জন্য ডিজিটাল পোর্টাল নিউ ইয়র্ককে সাহায্য করব: 2024 সালের জুলাই মাসে গভর্নর হোকল ny.gov/childcare শুরু করেছেন, নিউ ইয়র্ক স্টেটের চাইল্ড কেয়ার সহায়তা কর্মসূচির (Child Care Assistance Program, CCAP) মাধ্যমে স্টেটব্যাপী যোগ্য পরিবারের জন্য বিনামূল্যে বা স্বল্প খরচের চাইল্ড কেয়ারকে আরো অ্যাক্সেসিবল করতে সাহায্য করার জন্য একটি ডিজিটাল পোর্টাল।

ক্ষুদ্র ব্যবসার গ্রীষ্মকালীন সিরিজ: 2024 সালের জুন মাসে গভর্নর হোকল নিউ ইয়র্কের "ক্ষুদ্র ব্যবসায়ের গ্রীষ্মকালীন সিরিজ" ঘোষণা করেন – যা নিউ ইয়র্কের উদ্যোক্তাদের বিনামূল্যে রিসোর্স, সহায়তা এবং পরিষেবাগুলোর সাথে সংযুক্ত করার জন্য একাধিক তথ্যমূলক ইভেন্ট

এবং কর্মশালা। এই সিরিজের মধ্যে রয়েছে দ্বিতীয় আন্তঃএজেন্সি ক্ষুদ্র ব্যবসা সফর এবং 2024 স্ল্যাবের আঞ্চলিক সংখ্যালঘু এবং নারী মালিকানাধীন ব্যবসায়িক এক্সপো সিরিজ

স্কুলে রেকর্ড পরিমাণ তহবিল: অর্থবছর 2025 এর বাজেটে 2024-2025 স্কুলবর্ষের জন্য মোট প্রায় 36 বিলিয়ন মার্কিন ডলার স্কুল এইড (24.9 বিলিয়ন মার্কিন ডলার ফাউন্ডেশন এইড) রয়েছে, যা স্টেটের ইতিহাসে সর্বোচ্চ পর্যায়ের অর্থায়ন এবং এটি "নিরীহ থাকার" বিধান বহাল রেখেছে।

ট্রান্সজেন্ডার, লিঙ্গ ননকনফর্মিং এবং ননবাইনারি নিউ ইয়র্কবাসীদের চাকরির অভিজ্ঞতার বিবরণ তুলে ধরে এ ধরনের প্রথম প্রতিবেদন: 2024 সালের জানুয়ারি মাসে গভর্নর হোকল ট্রান্সজেন্ডার চাকরি স্টাডির (Transgender Employment Study) ফলাফল ঘোষণা করেন, এটি এ ধরনের প্রথম প্রতিবেদন যেখানে কর্মক্ষেত্রে ট্রান্সজেন্ডার, লিঙ্গ ননকনফর্মিং এবং ননবাইনারি নিউ ইয়র্কবাসীদের অভিজ্ঞতার বিস্তারিত তুলে ধরা হয়েছে।

খাদ্য ও পানীয় শিল্পখাতের সমর্থনে বিধিমালার প্যাকেজ: 2023 সালের ডিসেম্বর মাসে গভর্নর হোকল নিউ ইয়র্কের খাদ্য ও পানীয় শিল্পখাতের সমর্থনে বিধিমালার প্যাকেজে স্বাক্ষর করেন। বিধিমালার এই অংশের উদ্দেশ্য স্টেটে কুইজিন ট্রেইলের সংখ্যা বৃদ্ধি করা এবং SUNY ব্রুম কমিউনিটি কলেজ এবং কর্নেল ইউনিভার্সিটিতে অ্যালকোহল প্রস্তুতকরণের জন্য অনুমোদিত স্থানীয় খামার এবং উৎপাদনকারীদের তুলে ধরা।

শিক্ষানবিশ মাস: 2023 সালের নভেম্বর মাসে, গভর্নর হোকল নভেম্বরকে নিউ ইয়র্ক স্টেট শিক্ষানবিশ মাস হিসেবে ঘোষণা করে একটি ইস্তেহার জারি করেন।

সেফ এবং সাউন্ড সপ্তাহ: 2024 সালের আগস্ট মাসে গভর্নর ক্যাথি হোকল পুরো স্টেটের কর্মীদের স্বাস্থ্য ও নিরাপত্তা নিশ্চিত করার জন্য নিউ ইয়র্ক স্টেটের উদ্যোগ ও কর্মসূচি তুলে ধরার মাধ্যমে জাতীয় সেফ + সাউন্ড সপ্তাহের (National Safe + Sound Week) সূচনা করেন, যা 12-18 আগস্ট পর্যন্ত চলে। এর মধ্যে রয়েছে নিউ ইয়র্কবাসীকে অতি গুরুত্বপূর্ণ অধিকার ও সুরক্ষা সম্পর্কে বুঝতে সাহায্য করার জন্য সেই মাসে নিউ ইয়র্ক স্টেটের কর্মী ক্ষতিপূরণ বোর্ডের আয়োজিত বিনামূল্যের ওয়েবিনার।

নতুন আহত কর্মীর টুলকিট: 2024 সালের জানুয়ারি মাসে, নিউ ইয়র্ক স্টেটের কর্মী ক্ষতিপূরণ বোর্ড একটি নতুন অনলাইন সংস্থানের সূচনা করে যা কর্মক্ষেত্রে আহত বা অসুস্থ হওয়া কর্মীদের সাহায্য করবে। চাকরি সম্পর্কিত অসুস্থতা বা আহত হয়ে ভুগতে থাকা যেকোনো ব্যক্তি যাতে সহজেই তাদের অধিকার, কীভাবে দাবি দায়ের করতে হয়, এবং তাদের নিরাময়ের এবং নিজের পায়ে উঠে দাঁড়ানোর সময় তাদের জন্য উপলভ্য সংস্থানের ব্যাপারে বুঝতে পারে তা নিশ্চিত করতে আহত কর্মীর টুলকিটটি নকশা করা হয়েছে। বিবিধ ভাষায় এই সংস্থান উপলভ্য আছে।

কর্মীদের ক্ষতিপূরণের ভার্চুয়াল শুনানি 1M এ পৌঁছেছে 2024 সালের জুলাই মাসে নিউ ইয়র্ক স্টেটের কর্মীদের ক্ষতিপূরণের বোর্ড ঘোষণা করে যে 2020 সালের মার্চ মাস থেকে তারা তাদের ভার্চুয়াল শুনানি ব্যবস্থার **মাধ্যমে 1,032,500** এর বেশি শুনানি সম্পাদন করেছে। এই ব্যবস্থাটি আহত

কর্মী এবং অন্যান্য পক্ষদেরকে নিজেদের বাড়ি, কর্মক্ষেত্র, এবং অন্যান্য অবস্থানের স্বাচ্ছন্দ্য থেকে একটি কম্পিউটার বা মোবাইল ডিভাইসের মাধ্যমে বোর্ডের শুনানিতে অংশগ্রহণ করতে দেয়। নিউ ইয়র্ক স্টেটের তথ্য প্রযুক্তি পরিষেবা অফিসের সাথে অংশীদারিত্বে নির্মিত বোর্ডের ভার্চুয়াল শুনানি ব্যবস্থাটি সারা দেশের প্রথম হাই ডেফিনেশন, সকলের অ্যাক্সেসযোগ্য আইনি শুনানির ব্যবস্থা। এটি শুনানিকে আহত কর্মীদের জন্য আরো সহজসাধ্য করেছে, যাদের জন্য নিজেদের পরিস্থিতির কারণে ভ্রমণ করা কঠিন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন